বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বিআরপিডি-১ সার্কুলার নং-১৪

২৬ জুলাই ২০২৬
তারিখ: ------------------
১১ শ্রাবণ ১৪৩৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, ভাড়া/ইজারা গ্রহণ ও চুক্তি নবায়ন সংক্রান্ত গাইডলাইন্স, ২০২৬ জারি প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখ: ১৯/০১/২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উল্লিখিত সার্কুলারের মাধ্যমে ব্যাংকের ব্যবসা কেন্দ্র স্থাপন ও ভাড়া/ইজারা সংক্রান্ত করণীয় বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে। ব্যাংক ব্যবসা কেন্দ্রের সংখ্যাধিক্য, একস্থান হতে অন্য স্থানে স্থানান্তর এবং এতদসংশ্লিষ্ট কার্যক্রমে সৃষ্ট নানাবিধ জটিলতার প্রেক্ষিতে একটি সমন্বিত, বস্তুনিষ্ঠ ও পূর্ণাঙ্গ নির্দেশনা জারির প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ প্রেক্ষিতে, বিআরপিডি সার্কুলার নং-০২/২০২৩ এ প্রদত্ত নির্দেশনার প্রয়োজনীয় সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধনের মাধ্যমে প্রস্তুতকৃত **'ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, ভাড়া/ইজারা গ্রহণ ও চুক্তি নবায়ন সংক্রান্ত গাইডলাইন্স, ২০২৬'** জারি করা হলো।

৩। **১৯ জানুয়ারি ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০২** এর সকল নির্দেশনা এ সার্কুলারের মাধ্যমে জারিকৃত গাইডলাইন্সের নির্দেশনা দ্বারা প্রতিস্থাপিত হবে এবং পূর্বোক্ত সার্কুলারটি বাতিল বলে গণ্য হবে। এখন হতে ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, ভাড়া চুক্তি সম্পাদন, নবায়নসহ এতদসংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে **'ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, ভাড়া/ইজারা গ্রহণ ও চুক্তি নবায়ন সংক্রান্ত গাইডলাইন্স, ২০২৬'**-এর নির্দেশনা সকল ব্যাংকের জন্য অবশ্য পরিপালনীয় হবে।

৪। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)
পরিচালক (বিআরপিডি-১)
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, ভাড়া/ইজারা গ্রহণ ও চুক্তি নবায়ন সংক্রান্ত গাইডলাইন্স, ২০২৬

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

বাংলাদেশ ব্যাংক

উপদেষ্টা

গাজী মো: মাহফুজুল ইসলাম

পরিচালক
ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

সম্পাদনা পরিষদ

সম্পাদনা : ইভানা আক্তার
অতিরিক্ত পরিচালক

সম্পাদনা সহায়ক : মো: আরিফুল ইসলাম
অতিরিক্ত পরিচালক

মো: আতাউর রহমান
অতিরিক্ত পরিচালক

হুমায়ুন কবীর পলাশ
যুগ্ম পরিচালক

এস এম শামীম উর রশিদ
যুগ্ম পরিচালক

মো: জুনায়েদ সিয়াম
যুগ্ম পরিচালক

ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপন, স্থানান্তর, ভাড়া/ইজারা গ্রহণ ও চুক্তি নবায়ন সংক্রান্ত গাইডলাইন্স, ২০২৬

সূচী:

অনুচ্ছেদ	বিবরণ	পৃষ্ঠা
১.০	ব্যাংক ব্যবসা কেন্দ্র	১
২.০	ব্যবসা কেন্দ্র স্থাপন	১-২
২.১	প্রধান কার্যালয় স্থাপন	২
২.২	নীতিগত অনুমোদন গ্রহণ	৩
২.২.১	নতুন শাখা স্থাপন	৩
২.২.২	শাখা কার্যক্রম শুরুর চূড়ান্ত অনুমোদন গ্রহণ	৩
২.২.৩	শহর ও পল্লী শাখা স্থাপন বিষয়ক শর্তাবলী	৪
২.২.৪	এসএমই/কৃষি শাখা স্থাপন	৪
২.৩	উপশাখা স্থাপন	৪-৫
২.৪	এসএমই সার্ভিস সেন্টার/সেলস সেন্টার/ সাপোর্ট সেন্টার/ বিজনেস হাব ইত্যাদি স্থাপন	৬
২.৫	বুথ স্থাপন	৬-৮
২.৫.১	কালেকশন বুথ স্থাপন	৭
২.৫.২	ইলেক্ট্রনিক বুথ স্থাপন	৭
২.৫.৩	অস্থায়ী বুথ স্থাপন	৭
২.৫.৪	ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ স্থাপন	৭-৮
২.৬	এয়ারপোর্ট লাউঞ্জ স্থাপন	৮
৩.০	ব্যবসা কেন্দ্র স্থানান্তর	৮-১০
৪.০	ব্যবসা কেন্দ্র একীভূত/ রূপান্তর/ বন্ধকরণ	১০
৫.০	ব্যবসা কেন্দ্রের আয়তন/ পরিসর	১০-১১
৬.০	স্থাপনা ভাড়া/ ইজারা গ্রহণ	১২-১৬
৬.১	ভাড়া/ইজারাকৃত ব্যবসা কেন্দ্রের আয়তন/পরিসর বৃদ্ধি	১৩
৬.২	ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ	১৩
৬.৩	ভাড়া/ইজারা হার	১৪
৬.৪	ভাড়া/ইজারার ক্ষেত্রে প্রদেয় অগ্রিমের পরিমাণ	১৫
৬.৫	ভাড়া/ইজারা চুক্তি নবায়ন	১৬
৭.০	ব্যবসা কেন্দ্র স্থাপনা ব্যয়	১৭-১৮
৮.০	সান্ধ্য ব্যাংকিং	১৮
৯.০	দন্ড আরোপ	১৮-১৯
১০.০	অন্যান্য এখতিয়ার	১৯
১০.১	সাধারণ ও বিশেষ পরিদর্শন পরিচালনা	১৯
১০.২	গাইডলাইনস সংশোধন এখতিয়ার	১৯
১১.০	পরিশিষ্ট	২০-৩১
সংযোজনী-ক	নতুন ব্যবসা কেন্দ্র স্থাপন সংক্রান্ত বছর-ওয়ারী নীতিগত অনুমোদন সংশ্লিষ্ট তথ্যাদি	২০
সংযোজনী-খ	প্রধান কার্যালয় এবং এর অধীনস্ত বিভাগসমূহ স্থাপনের আবেদন সংশ্লিষ্ট তথ্যাদি	২১-২২
সংযোজনী-গ	নতুন শাখা স্থাপনের অনুমোদন সংশ্লিষ্ট তথ্যাদি	২৩-২৪
সংযোজনী-ঘ	নতুন উপশাখা/বুথ/এসএমই সেন্টার/সার্ভিস সেন্টার/সকল ধরনের হাব/ব্যবসা উন্নয়ন কেন্দ্র/গুদাম ইত্যাদি স্থাপনের অনুমোদন সংশ্লিষ্ট তথ্যাদি	২৫-২৬
সংযোজনী-ঙ	ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থানান্তরের আবেদন সংশ্লিষ্ট তথ্যাদি	২৭-২৮
সংযোজনী-চ	পরিচালনা পর্ষদ সভার কার্যবিবরণী/ কার্যবিবরণী সার-সংক্ষেপ এর নমুনা	২৯
সংযোজনী-ছ	শাখায় সান্ধ্য ব্যাংকিং চালুকরণের আবেদন সংশ্লিষ্ট তথ্যাদি	৩০
সংযোজনী-জ	Yearly Statement of Rent/Lease Rate and Related Information of Bank Business Center	৩১

ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৩১ ধারা মোতাবেক দেশের অভ্যন্তরে ব্যাংক ব্যবসা পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ অত্যাবশ্যক। একই আইনের ৩২ ধারা মোতাবেক ব্যাংক ব্যবসা পরিচালনার অনুমোদন/লাইসেন্স প্রাপ্ত ব্যাংক তাদের যেকোন ধরনের ব্যবসা কেন্দ্র স্থাপন এবং স্থানান্তরের জন্যও বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ করে থাকে। ব্যাংক ব্যবসা সম্প্রসারণ, ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা হারের অস্বাভাবিক বৃদ্ধিরোধ, সকল ব্যাংকের জন্য প্রতিযোগিতার সমান ক্ষেত্র (Level Playing Field) প্রস্তুতকরণ এবং শহর ও পল্লী অঞ্চলে আনুপাতিক হারে ব্যাংক ব্যবসা কেন্দ্র স্থাপনের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ বিভিন্ন সার্কুলার ও সার্কুলার লেটারের মাধ্যমে সময়ে সময়ে নির্দেশনা জারি করে থাকে। ব্যাংক ব্যবসা কেন্দ্র সম্প্রসারণ, স্থানান্তর, ভাড়া/ইজারা গ্রহণ, ভাড়া-চুক্তি নবায়নসহ বিভিন্ন কার্যক্রমের অনুমোদন সহজীকরণ ও গতিশীল করার লক্ষ্যে সময়ে সময়ে জারিকৃত সার্কুলার ও সার্কুলার লেটারের নির্দেশনা সমন্বিতকরণ, পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জনের মাধ্যমে আলোচ্য গাইডলাইন্সটি প্রস্তুত করা হয়েছে যা ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৪৫ ধারার ক্ষমতাবলে প্রণীত এবং সকল ব্যাংকের জন্য অনুসরণ করা অপরিহার্য।

১.০ ব্যাংক ব্যবসা কেন্দ্র:

ব্যবসা পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্যতা অনুযায়ী ব্যাংক নিম্নোক্ত ধরনের ব্যবসা কেন্দ্র স্থাপন করতে পারবে:

সারণী- ১: ব্যবসা কেন্দ্রের তালিকা		
টাইপ-ক	**টাইপ-খ**	**টাইপ-গ**
• প্রধান কার্যালয় • বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়/রিজিওনাল অফিস • প্রশিক্ষণ একাডেমী/ ট্রেনিং ইনস্টিটিউট • কল সেন্টার/ কাস্টমার সার্ভিস সেন্টার • ডিজাস্টার রিকভারী (DR) সেন্টার/ডাটা সেন্টার (DC) • সেন্ট্রাল স্টোরেজ/কেন্দ্রীয় গুদাম/ সেন্ট্রাল আর্কাইভ • এয়ারপোর্ট লাউঞ্জ	• শাখা/কর্পোরেট শাখা/ প্রিন্সিপাল শাখা/লোকাল অফিস / এসএমই/ কৃষি শাখা • উপশাখা • কালেকশন বুথ • ইলেক্ট্রনিক বুথ (এটিএম/ সিডিএম/ সিআরএম) • অস্থায়ী বুথ (মেলা, প্রদর্শনী, হাট ইত্যাদি উদ্দেশ্যে স্বল্প মেয়াদের জন্য প্রযোজ্য) • ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ	• এসএমই সার্ভিস সেন্টার/সার্পোট অফিস (কার্ড/এডিসি ইত্যাদি) • সেলস সেন্টার/ ইউনিট অফিস/অপারেশনাল হাব/ বিজনেস হাব • বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার (ইপিজেড, ইন্ডাস্ট্রিয়াল পার্ক ইত্যাদির জন্য প্রযোজ্য)
বি: দ্র: টাইপ-ক, খ এবং গ -তে উল্লেখ নেই এমন কোন কেন্দ্রকে ব্যবসা কেন্দ্র হিসাবে বিবেচনা করা/না করার ক্ষেত্রে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এর পূর্ণ এখতিয়ার থাকবে।		

২.০ ব্যবসা কেন্দ্র স্থাপন:

যেকোন ধরনের ব্যবসা কেন্দ্র (ইলেকট্রনিক বুথ, এক মাসের কম মেয়াদী অস্থায়ী বুথ এবং এয়ারপোর্ট লাউঞ্জ ব্যতীত) স্থাপনের জন্য ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৩২ ধারা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকে কোন ধরনের ব্যবসা কেন্দ্র স্থাপন করা হলে কিংবা এখতিয়ার বহির্ভূতভাবে অনুমোদন গ্রহণ ব্যতিরেকে স্থাপিত ব্যবসা কেন্দ্রের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে ব্যবসা পরিচালনা করা হলে তা অবৈধ ও দন্ডনীয় বলে গণ্য হবে। সারণী-১ এ বর্ণিত ব্যবসা কেন্দ্রসহ যেকোন ধরনের ব্যবসা কেন্দ্র স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি প্রযোজ্য হবে:

ক) ব্যবসা কেন্দ্র স্থাপন বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদ/(প্রযোজ্য ক্ষেত্রে) নির্বাহী কমিটির সভায় গৃহীত সুস্পষ্ট সিদ্ধান্ত এবং তার প্রামাণিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) সহ আবেদন করতে হবে ।

খ) ব্যবসা কেন্দ্র স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্যতা অনুযায়ী কেন্দ্রের ধরন ভেদে ভিন্ন ভিন্ন শর্ত আরোপ এবং তদানুযায়ী অনুমোদন প্রক্রিয়া নির্ধারণের পূর্ণ এখতিয়ার ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এর থাকবে।

গ) সারণী-১ এর 'টাইপ-ক এবং গ' তে বর্ণিত ব্যবসা কেন্দ্র প্রধান কার্যালয়ের অধীনে পরিচালিত হবে এবং এরূপ কেন্দ্র স্থাপনের ক্ষেত্রে প্রধান কার্যালয়ের জন্য প্রযোজ্য শর্তাবলীর অতিরিক্ত শর্ত আরোপযোগ্য হবে।

ঘ) সারণী-১ এর 'টাইপ-ক' তে বর্ণিত বিভিন্ন ব্যবসা কেন্দ্র যেমন- প্রশিক্ষণ একাডেমী/ ট্রেনিং ইনস্টিটিউট, কল সেন্টার/ কাস্টমার সার্ভিস সেন্টার, ডিজাস্টার রিকভারী সেন্টার (DR)/ডাটা সেন্টার (DC), সেন্ট্রাল স্টোরেজ/কেন্দ্রীয় গুদাম/সেন্ট্রাল আর্কাইভ, এয়ারপোর্ট লাউঞ্জ ইত্যাদি এবং 'টাইপ-গ' তে বর্ণিত ব্যবসা কেন্দ্রে কোনরূপ আর্থিক লেনদেন করা যাবে না।

ঙ) 'আর্থিক লেনদেনবিহীন ব্যবসা পরিচালনা'র শর্তে অনুমোদনপ্রাপ্ত কোন ব্যবসা কেন্দ্র শর্ত ভঙ্গ করে আর্থিক লেনদেন সম্পাদন করলে তা বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘন ও দন্ডযোগ্য অপরাধ বলে গণ্য হবে।

২.১ প্রধান কার্যালয় স্থাপন:

প্রাথমিকভাবে ব্যবসা পরিচালনার অনুমোদনপ্রাপ্ত প্রতিটি ব্যাংক কোম্পানী একটি নির্দিষ্ট ঠিকানায় প্রধান কার্যালয় স্থাপন করবে যা রেজিস্টার অব জয়েন্ট স্টক কোম্পানীতে নিবন্ধনকৃত হতে হবে। প্রয়োজন বোধে সংঘ-স্মারক সংশোধনপূর্বক যথাযথ প্রক্রিয়ায় প্রধান কার্যালয়ের ঠিকানা পরিবর্তন করা যাবে। প্রধান কার্যালয় স্থাপন ও সম্প্রসারণের জন্য নিম্নোক্ত শর্তাদি পালন করতে হবে:

ক) প্রধান কার্যালয়ের জন্য বরাদ্দকৃত স্থানের আয়তন উক্ত কার্যালয়ের বরাদ্দকৃত জনবল, অধিনস্ত বিভাগের সংখ্যা ও প্রযোজ্য পরিসর, ব্যাংকের আর্থিক সক্ষমতা, ব্যবসার ব্যাপ্তি, ভবিষ্যত ব্যবসা সম্প্রসারণ পরিকল্পনা ইত্যাদি অনুযায়ী বাস্তবসম্মত এবং সমসাময়িক ও সমকক্ষ অন্যান্য ব্যাংকের সাথে তুলনামূলক পর্যালোচনায় যুক্তিযুক্ত হতে হবে।

খ) প্রধান কার্যালয়ের অধীনস্থ বিভাগসমূহ একই স্থানে স্থাপন শ্রেয় হবে। তথাপি, স্থানাভাবের কারনে প্রয়োজনবোধে বিভাগসমূহ একাধিক স্থানে স্থাপন করা যাবে এবং এরূপ ক্ষেত্রেও ২.১. (ক) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

গ) প্রধান কার্যালয় স্থাপনের জন্য **সংযোজনী-'খ'** মোতাবেক তথ্য প্রদানসহ এতদসংক্রান্ত বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের প্রামানিক দলিল হিসাবে (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত) কোম্পানী সেক্রেটারী কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী (Board of Director's Meeting Minutes)/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার (Extract of Meeting Minutes) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

ঘ) ব্যবসা কেন্দ্রের আয়তন এবং স্থাপনা ব্যয়ের ক্ষেত্রে উচ্চাভিলাষী পরিকল্পনা বর্জন, কৃচ্ছ-সাধন নীতি অনুসরণ এবং সাজ-সজ্জার ক্ষেত্রে দেশীয় ও পরিবেশ-বান্ধব আসবাব/ইনটেরিয়র সামগ্রীকে প্রাধান্য দিতে হবে।

২.২ নীতিগত অনুমোদন গ্রহণ:

কোন নির্দিষ্ট পঞ্জিকা বছরে স্থাপিতব্য সকল ধরণের ব্যাংক ব্যবসা কেন্দ্রের (শাখা/উপশাখা/বুথ/এসএমই/সেলস সার্ভিস/ইউনিট/বিজনেস হাব/ব্যবসা উন্নয়ন কেন্দ্র/এজেন্ট আউটলেট ও অন্যান্য) নীতিগত অনুমোদন গ্রহণের জন্যে এর অব্যবহিত পূর্ববর্তী বছরের ৩০ নভেম্বরের মধ্যে পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত **'বাৎসরিক ব্যাংক ব্যবসা সম্প্রসারণ পরিকল্পনা'**, পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি (সংযোজনী-'চ' তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) এবং **সংযোজনী-'ক'** মোতাবেক তথ্য সংযুক্ত করে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এর নিকট আবেদন করতে হবে। নতুন ব্যাংক ব্যবসা সম্প্রসারণের প্রাপ্যতা নির্ধারণে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের আর্থিক সক্ষমতা, ঋণমান, শাখা ব্যবস্থাপনা, আমানতকারীদের সেবা প্রদান, অনিয়মের অভিযোগ ইত্যাদিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ মানদন্ড বিচারের ভিত্তিতে এতদসংক্রান্ত অভ্যন্তরীণ নীতিমালার আলোকে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং ব্যাংক ব্যবসা সম্প্রসারণের প্রাপ্যতা সংশ্লিষ্ট ব্যাংককে পত্র মারফত অবহিত করবে।

২.২.১ নতুন শাখা স্থাপন:

ব্যবসা পরিচালনার স্বার্থে ব্যাংক তার প্রয়োজন অনুযায়ী নতুন শাখা স্থাপনের আবেদন করতে পারবে। তবে, শাখা স্থাপনের জন্য প্রাথমিকভাবে শাখা সম্প্রসারণের বাৎসরিক প্রাক্কলিত পরিকল্পনা দাখিলপূর্বক ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ হতে নীতিগত অনুমোদন গ্রহণ করতে হবে। পরবর্তীতে নীতিগত অনুমোদনের প্রাপ্যতার ভিত্তিতে প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট অঞ্চল/ভবন নির্বাচনপূর্বক শাখা স্থাপনের আবেদন করতে হবে এবং চূড়ান্ত অনুমোদন ও শাখা লাইসেন্স প্রাপ্তির প্রেক্ষিতেই শাখাটি স্থাপনযোগ্য হবে।

২.২.২ শাখা কার্যক্রম শুরুর চূড়ান্ত অনুমোদন গ্রহণ:

নীতিগত অনুমোদনের প্রাপ্যতা অনুযায়ী নতুন শাখা স্থাপন এবং শাখার ব্যবসায়িক কার্যক্রম শুরুর জন্য 'কেস টু কেস' ভিত্তিতে চূড়ান্ত অনুমোদন গ্রহণ করতে হবে। তবে, শহর ও পল্লী শাখার আনুপাতিক হার পরিপালন সাপেক্ষেই এরূপ আবেদন অনুমোদনযোগ্য হবে। অর্থাৎ একটি শহর শাখার আবেদনের পর আবশ্যিকভাবে পরবর্তী আবেদনটি পল্লী শাখার হতে হবে এবং শহর-পল্লী অনুপাত যথাযথভাবে পরিপালন না হলে নীতিগত অনুমোদনের প্রাপ্যতা থাকা সত্ত্বেও শহর শাখার আবেদন অনুমোদনযোগ্য হবে না। নীতিগত অনুমোদনের প্রাপ্যতা কেবল প্রস্তাবিত পঞ্জিকা বছরের জন্যই প্রযোজ্য হবে। অর্থাৎ নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্যতা অনুযায়ী শাখা স্থাপনে সমর্থ না হলে উক্ত প্রাপ্যতা পরবর্তী বছরে আর কার্যকর থাকবে না। একইভাবে, নীতিগত অনুমোদনের প্রাপ্যতার বাইরে শাখা স্থাপনের জন্য কোন প্রকার আবেদন করা গ্রহণযোগ্য হবে না। সরকারি মালিকানাধীন এবং বিশেষায়িত ব্যাংকের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত ও জনগুরুত্ব বিবেচনায় এরূপ বিধান শিথিলযোগ্য হবে ।

চূড়ান্ত অনুমোদনপত্রের শর্তানুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে শাখা স্থাপন করা না হলে উক্ত অনুমতিপত্রটি বাতিল বলে গণ্য হবে। চূড়ান্ত অনুমোদন গ্রহণের আবেদনের সাথে নিম্নোক্ত তথ্য ও দলিলাদি সংযুক্ত করতে হবে:

ক) নতুন শাখা স্থাপনের উদ্দেশ্য, ব্যবসায়িক সম্ভাবনা, সেবার আওতা/পরিধি, শাখা স্হাপনের সম্ভাব্য ব্যয় ইত্যাদির তথ্য (**সংযোজনী-'গ'** মোতাবেক);

খ) নতুন শাখা স্থাপন বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিল হিসাবে (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত) কোম্পানী সেক্রেটারী কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী (Board of Director's Meeting Minutes)/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার (Extract of Meeting Minutes);

গ) প্রস্তাবিত শাখার ১কি:মি: পরিসীমার মধ্যে ব্যাংকটির কোন শাখা/উপশাখা নেই মর্মে ব্যাংকের প্রধান নির্বাহীর ঘোষনাপত্র;

২.২.৩ শহর ও পল্লী শাখা স্থাপন বিষয়ক শর্তাবলী:

আপামর জনসাধারণের আর্থিক অন্তর্ভুক্তি এবং দেশের সামগ্রিক অর্থনীতিতে অর্থের সুষম প্রবাহ নিশ্চিত করতে শহর ও পল্লী শাখা স্থাপন করা জরুরী। শহর ও পল্লী শাখা স্থাপনের শর্তাবলী নিম্নরূপ হবে:

ক) সকল সিটি কর্পোরেশন ও 'ক' শ্রেণীভুক্ত পৌরসভা এলাকায় স্থাপিত/স্থাপিতব্য শাখা "শহর শাখা" এবং উক্ত পরিসীমা বহির্ভূত এলাকায় স্থাপিত/স্থাপিতব্য শাখা 'পল্লী শাখা" হিসাবে গণ্য হবে।

খ) পল্লী শাখার সংখ্যা আবশ্যিকভাবে নীতিগত অনুমোদনপ্রাপ্ত মোট শাখার অন্যূন ৫০% হতে হবে।

গ) একই বছরে একই শহরে একের অধিক শহর শাখা স্থাপন করা যাবে না।

ঘ) কোন পৌরসভাভূক্ত এলাকা নতুন করে বিদ্যমান সিটি কর্পোরেশন/নতুন ঘোষিত সিটি কর্পোরেশনের আওতাভূক্ত হলে কিংবা বিদ্যমান কোন 'খ / গ' শ্রেণীভূক্ত পৌরসভা পরবর্তীতে 'ক' শ্রেণীভূক্ত পৌরসভায় উন্নীত হলে তদস্থিত ব্যাংক শাখা শহর শাখা হিসাবে গণ্য হবে এবং উক্ত তথ্য অবিলম্বে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ -কে অবহিত করতে হবে।

২.২.৪ এসএমই/কৃষি শাখা স্থাপন:

নীতিগত অনুমোদনপ্রাপ্ত শাখাগুলোর মধ্য হতে যে কোন শাখাকে প্রয়োজনে এসএমই/কৃষি শাখা হিসাবে স্থাপন করা যাবে এবং সংশ্লিষ্ট বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদে গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) এবং নির্ধারিত ছক (**সংযোজনী 'গ'**) মোতাবেক আবেদন করতে হবে। এরূপ এসএমই/কৃষি শাখা স্থাপনের শর্তাদি নিম্নরূপ:

ক) এসএমই/কৃষি শাখা বিভাগীয় শহর/সিটি কর্পোরেশন এলাকার বাইরে স্থাপন করতে হবে এবং এক্ষেত্রে ব্যাংকিং সুবিধাবঞ্চিত এলাকাকে অগ্রাধিকার প্রদান করতে হবে ।

খ) এসকল শাখায় বৈদেশিক মুদ্রা লেনদেন ব্যতীত সকল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা যাবে।

গ) এরূপ শাখায় জমাকৃত আমানতের অন্যূন ৫০% আবশ্যিকভাবে সংশ্লিষ্ট শাখার আওতাধীন এলাকার এসএমই/কৃষি খাতে ঋণ প্রদান/বিনিয়োগে ব্যবহার করতে হবে।

২.৩ উপশাখা স্থাপন:

ব্যাংকিং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর নিকট ব্যাংকিং সেবা পৌঁছে দেয়া এবং স্বল্প-ব্যয়ী ব্যাংকিং সেবা আউটলেটের মাধ্যমে অধিকতর আর্থিক সেবা-অন্তর্ভুক্তি নিশ্চিত করাই উপশাখা স্থাপনের মূল লক্ষ্য। শাখার মত উপশাখা স্থাপনের ক্ষেত্রেও ব্যাংক একটি বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করবে যেখানে এই লক্ষ্য অর্জনের বাস্তব প্রতিফলন ঘটবে। প্রতি বছর ৩০ নভেম্বরের মধ্যে পরবর্তী বছরে স্থাপিতব্য উপশাখার নীতিগত অনুমোদন (**সংযোজনী-'ক'** প্রযোজ্য) গ্রহণ করতে হবে।

নতুন উপশাখার বাৎসরিক প্রাপ্যতা নির্ধারণে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকের আর্থিক সক্ষমতা, ঋণমান, শাখা ব্যবস্থাপনা, আমানতকারীদের সেবা প্রদান, অনিয়মের অভিযোগ ইত্যাদিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ মানদন্ড বিচারের পাশাপাশি এতদসংক্রান্ত অভ্যন্তরীণ নীতিমালার আলোকে সিদ্ধান্ত গ্রহণ করবে এবংনির্ধারিত প্রাপ্যতা সংশ্লিষ্ট ব্যাংককে পত্র মারফত অবহিত করবে। শাখা স্থাপনের মতই উপশাখা স্থাপনের নির্ধারিত প্রাপ্যতা কেবলমাত্র প্রস্তাবিত পঞ্জিকা বছরের জন্যই প্রযোজ্য হবে এবং নির্ধারিত প্রাপ্যতার বাইরে উপশাখা স্থাপনের জন্য কোন প্রকার আবেদন দাখিল করা যাবে না। তবে সরকারি মালিকানাধীন এবং বিশেষায়িত ব্যাংকের ক্ষেত্রে সরকারি সিদ্ধান্ত ও জনগুরুত্ব বিবেচনায় এরূপ বিধান শিথিলযোগ্য হবে।

নীতিগত অনুমোদনের প্রাপ্যতা হতে ব্যাংক প্রয়োজন মাফিক সময়ে সময়ে 'কেস টু কেস' ভিত্তিতে নির্ধারিত বছরের মধ্যে উপশাখা স্থাপনের চূড়ান্ত অনুমোদন গ্রহণ করবে। তবে শহর ও পল্লী উপশাখার আনুপাতিক হার পরিপালন সাপেক্ষেই এরূপ আবেদন অনুমোদনযোগ্য হবে। অর্থাৎ একটি শহর উপশাখার আবেদনের পর পরবর্তী আবেদনটি আবশ্যিকভাবে পল্লী উপশাখার হতে হবে। উপশাখা স্থাপনে শহর-পল্লী অনুপাত যথাযথভাবে পরিপালিত না হলে নীতিগত অনুমোদনে প্রাপ্যতা থাকা সত্ত্বেও শহর উপশাখার আবেদন অনুমোদনযোগ্য হবে না। উপশাখা স্থাপনের চূড়ান্ত অনুমোদন গ্রহণের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির এতদসংশ্লিষ্ট সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/ কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) এবং নির্ধারিত ছক (**সংযোজনী-'ঘ'**) মোতাবেক তথ্য সংযুক্ত করে আবেদন করতে হবে। উপশাখা স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী অনুসরণীয় হবে:

ক) অনুমোদনপ্রাপ্ত মোট উপশাখার সর্বোচ্চ ১৫% সিটি কর্পোরেশন, ২৫% 'ক'-শ্রেণীভুক্ত পৌরসভা এবং অন্যূন ৬০% 'খ' শ্রেণীভূক্ত পৌরসভাসহ অন্যান্য পল্লী এলাকায় স্থাপন করতে হবে;

খ) উপশাখা নিকটস্থ পূর্নাঙ্গ শাখার পূর্ণ নিয়ন্ত্রণ ও তত্ত্বাবধানে পরিচালিত হবে;

গ) নিয়ন্ত্রণকারী শাখার ১ কি:মি: পরিসীমার মধ্যে উপশাখা স্থাপন করা যাবে না এবং নিকটবর্তী শাখা বর্তমান থাকা অবস্থায় কোনক্রমেই দূরবর্তী শাখাকে নিয়ন্ত্রণকারী শাখা নির্বাচন করা যাবে না;

ঘ) প্রস্তাবিত উপশাখার ০৩ কিলোমিটার পরিসীমার মধ্যে একই ব্যাংকের অপর কোন উপশাখা স্থাপন করা যাবে না। তবে, আর্থিক অন্তর্ভুক্তিমূলক পরিকল্পনার আওতায় ব্যাংকিং সেবা বঞ্চিত বিশেষ জনগোষ্ঠী বা বিশেষ অঞ্চলের (শহর অঞ্চল ব্যতীত) ক্ষেত্রে উপশাখা স্থাপনের আবশ্যকতার প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক বিশেষ বিবেচনায় সীমিতভাবে এ শর্ত হতে ব্যাংককে অব্যাহতি প্রদান করতে পারবে;

ঙ) ব্যাংকের শাখা এবং উপশাখা একই নাম ব্যবহার করতে পারবে না;

চ) উপশাখার সামগ্রিক লেনদেন নিয়ন্ত্রণকারী শাখার বুক্স অব একাউন্টস-এ অন্তর্ভুক্ত করতে হবে;

ছ) উপশাখার মূল অনুমতিপত্র/অনুমতিপত্রের সত্যায়িত কপি উপশাখার অভ্যন্তরে সংরক্ষণ করতে হবে;

জ) উপশাখার নাম, ব্যাংক ও নিয়ন্ত্রণকারী শাখার নামসহ সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন করতে হবে:

ঝ) উপশাখা 'স্বল্প-ব্যয়ী ব্যাংকিং সেবা আউটলেট' হিসাবে পরিগনিত হওয়ায় শাখা স্থাপন/স্থানান্তর ব্যয়ের তুলনায় উপশাখা স্থাপন/স্থানান্তর ব্যয় সীমিত রাখতে হবে;

ঞ) উপশাখার কার্যক্রম পরিচালনার জন্য ন্যূনতম ৩ জন কর্মকর্তা নিযুক্ত করতে হবে;

ট) উপশাখার মাধ্যমে প্রদানকৃত ব্যাংকিং সেবার প্রদেয় ফি, চার্জ ও কমিশন ব্যাংকের অন্যান্য শাখার ব্যাংকিং সেবার বিপরীতে প্রদেয় ফি, চার্জ ও কমিশনের চেয়ে অধিক হবে না,

ঠ) উপশাখার মাধ্যমে বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা যাবে না;

ড) উপশাখার ক্যাশ কাউন্টারে রক্ষিত নগদ স্থিতি এবং ক্যাশ ইন ট্রানজিট স্থিতি উভয় ক্ষেত্রেই প্রচলিত নিয়মানুযায়ী পূর্ণ বীমা-আচ্ছাদন নিশ্চিত করতে হবে। নগদ অর্থ ও গুরুত্বপূর্ণ দলিলাদি সংরক্ষণের উদ্দেশ্যে উপশাখায় ভল্ট স্থাপন করা যাবে যা নিয়ন্ত্রণকারী শাখার ভল্ট হিসাবে গণ্য হবে;

ঢ) অনুমোদনপ্রাপ্ত উপশাখা বাণিজ্যিকভাবে ব্যবসা সফল হলে বা উপশাখাটির ব্যবসায়িক কলেবর বৃদ্ধির বাস্তবিক সম্ভাবনা তৈরী হলে তা শাখায় রূপান্তরযোগ্য হবে। ব্যবসায়িক কলেবর বৃদ্ধির তথ্য-উপাত্ত যাচাই সাপেক্ষে বার্ষিক নীতিগত অনুমোদনের প্রাপ্যতার সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ ব্যাংক উক্ত উপশাখাকে নতুন শাখা হিসাবে কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করবে।

২.৪ এসএমই সার্ভিস সেন্টার/অফিস/ সেলস সেন্টার/সাপোর্ট সেন্টার/ বিজনেস হাব ইত্যাদি স্থাপন:

শাখা/উপশাখা স্থাপনের অনুরূপভাবে প্রতি বছর ৩০ নভেম্বরের মধ্যে পরবর্তী বছরে স্থাপনযোগ্য অন্যান্য ব্যবসা কেন্দ্র (যেমন-এসএমই-সার্ভিস সেন্টার/ইউনিট অফিস/সেলস সেন্টার/সাপোর্ট সেন্টার/অপারেশনাল হাব/বিজনেস হাব/সার্ভিস হাব ইত্যাদি যে নামেই অভিহিত করা হউক না কেন) স্থাপনের জন্য আবশ্যিকভাবে বাংলাদেশ ব্যাংকের নীতিগত অনুমোদন **(সংযোজনী-'ক'** প্রযোজ্য) গ্রহণ করতে হবে এবং প্রাপ্যতা অনুযায়ী 'কেস টু কেস' ভিত্তিতে এরূপ ব্যবসা কেন্দ্র স্থাপনের জন্য চূড়ান্ত অনুমোদনের আবেদন করতে হবে। এরূপ আবেদনে নিম্নোক্ত তথ্যাদি সংযুক্ত করতে হবে:

ক) ব্যবসা কেন্দ্র (অর্থাৎ এসএমই সার্ভিস সেন্টার/ ইউনিট অফিস/ সেলস সেন্টার/ সাপোর্ট সেন্টার/ অপারেশনাল হাব/ বিজনেস হাব/ সার্ভিস হাব ইত্যাদি যে নামেই অভিহিত করা হউক না কেন) স্থাপন বিষয়ে ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) এবংনির্ধারিত ছক **(সংযোজনী-'ঘ')** মোতাবেক তথ্যদি;

খ) শাখা/উপশাখা কাঠামোর বাইরে এরূপ ব্যবসা কেন্দ্র স্থাপন কেন প্রয়োজন তার যৌক্তিক ব্যাখ্যা এবং এরূপ ব্যবসা কেন্দ্র স্থাপনের মাধ্যমে সম্ভাব্য ব্যবসায়িক অর্জন প্রাক্কলন;

গ) এরূপ প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের মাধ্যমে সম্পাদনযোগ্য কাজের বিস্তারিত বিবরণ এবং উক্ত কার্য সম্পাদনের জন্য নিয়োজিতব্য কর্মবলের যৌক্তিক সংখ্যা উল্লেখকরণ;

ঘ) প্রস্তাবিত ব্যবসা কেন্দ্রের ৩ কি:মি: পরিসীমার মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকের শাখা/উপশাখা/সমজাতীয় ব্যবসা কেন্দ্র নেই মর্মে ঘোষনাপত্র সংযুক্তকরণ।

২.৫ বুথ স্থাপন:

ব্যবসা পরিচালনার সুবিধার্থে কালেকশন বুথ, ইলেক্ট্রনিক বুথ, অস্থায়ী বুথ এবং ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ স্থাপন করা যাবে এবং তা ব্যাৎসরিক নীতিগত অনুমোদনের **(সংযোজনী-'ক'** প্রযোজ্য) আওতায় হবে। প্রতিটি বুথের কার্যপরিধি এবং অনুমোদন প্রক্রিয়া বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী ভিন্ন হতে পারবে।

২.৫.১ কালেকশন বুথ স্থাপন:

কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানের পক্ষে (প্রযোজ্যতা অনুযায়ী) বিল/ফি কালেকশন বা অর্থ সংগ্রহ (যেমন- সরকারি রাজস্ব আদায়, ডিমান্ড নোট ফি, ইউটিলিটি বিল, হাসপাতালের বিল, শিক্ষার্থীদের বেতন ও ফি, স্বীকৃত প্রতিষ্ঠান বা সংস্থার ফি ইত্যাদি) জমা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে প্রতিষ্ঠান প্রাঙ্গণে/ প্রতিষ্ঠান নির্ধারিত স্থানে সীমিত পরিসরে স্থায়ী/অস্থায়ী কালেকশন বুথ স্থাপন করা যাবে। এক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রযোজ্য হবে:

ক) বুথ স্থাপনের জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিল (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃতসংশ্লিষ্ট সভার কার্যবিবরণীর/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) এবং নির্ধারিত ছক **(সংযোজনী-'ঘ')** মোতাবেক আবেদন করতে হবে।

খ) নির্দিষ্ট প্রতিষ্ঠানের অনুরোধের প্রেক্ষিতে স্থাপিত কালেকশন বুথে উক্ত প্রতিষ্ঠানের প্রস্তাবিত সেবা ব্যতীত অন্য কোন সেবা প্রদানযোগ্য হবে না।

গ) প্রতিটি বুথ নিকটস্থ শাখার নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হবে।

২.৫.২ ইলেকট্রনিক বুথ স্থাপন:

Automated Teller Mechine (ATM), Cash Deposit Machine (CDM), Cash Recycler Machine (CRM), Financial Kiosk ইত্যাদি ডিজিটাল লেনদেনের সুযোগ বৃদ্ধি করে এবং নগদ লেনদেনের উপর চাপ কমায় বিধায় অধিক হারে এরূপ বুথ স্থাপন কাম্য। এরূপ ইলেকট্রনিক বুথ স্থাপনে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণের প্রয়োজন হবে না বরং সংশ্লিষ্ট ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনই যথেষ্ট হবে। ইলেকট্রনিক বুথ স্থাপনে নিম্নোক্ত শর্ত প্রযোজ হবে:

ক) বুথ স্থাপনের ১৫ দিনের মধ্যে নির্ধারিত ছক (**সংযোজনী-'ঘ'**) মোতাবেক বাংলাদেশ ব্যাংককে অবহিত করা;

খ) গ্রাহক কর্তৃক বুথ ব্যবহার সুবিধা বিবেচনায় প্রতিটি ইলেকট্রনিক বুথে একক/একাধিক এটিএম/সিডিএম/সিআরএম/ ফাইনান্সিয়াল কিয়স্ক ও সমজাতীয় ইলেকট্রনিক ডিভাইস স্থাপনের জন্য স্পেস/পরিসর নির্ধারণে আলোচ্য গাইডলাইন্সের ৫.০ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণ করা;

গ) ইলেকট্রনিক বুথ স্থাপন, স্থানান্তর ও চুক্তি নবায়নজনিত বিভিন্ন ব্যয় যেমন ভাড়া/ইজারা হার, অগ্রিম, স্থাপনা ব্যয় ইত্যাদি নির্ধারণের ক্ষেত্রে অন্যান্য ব্যবসা কেন্দ্রের জন্য প্রযোজ্য নির্দেশনা একইভাবে অনুসরণ করা;

ঘ) ইলেকট্রনিক লেনদেন ব্যতীত অন্য কোন প্রকার ব্যাংকিং লেনদেন সম্পাদন হতে বিরত থাকা;

ঙ) বুথের ভাড়া গ্রহণ, ব্যবহার, পরিচালনা, নিরাপত্তা বিষয়ক কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে বুথ বন্ধসহ যে কোন ধরনের ব্যবস্থা গ্রহণের পূর্ণ এখতিয়ার বাংলাদেশ ব্যাংকের থাকবে।

২.৫.৩ অস্থায়ী বুথ স্থাপন:

প্রদর্শনী, মেলা, হজ্ব ক্যাম্প, পশুর হাট, সম্মেলন বা অনুরূপ কোন অনুষ্ঠানে জনগণকে সাময়িকভাবে ব্যাংকিং সুবিধা প্রদানের উদ্দেশ্যে অস্থায়ী ভিত্তিতে বিশেষ বুথ স্থাপন করা যাবে। এক মাস বা তদনিম্ন সময়ের জন্য অস্থায়ী বুথ স্থাপনে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের প্রয়োজন হবে না বরং, ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির সিদ্ধান্তই যথেষ্ট হবে। তবে বুথ স্থাপনের এক সপ্তাহের মধ্যে এতদসংশ্লিষ্ট তথ্যদি বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে। এরূপ বুথ স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণীয় হবে:

ক) সংশ্লিষ্ট প্রদর্শনী/মেলা/হজ্ব ক্যাম্প/পশুর হাট/সম্মেলন ইত্যাদির নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হবার পর তাৎক্ষনিকভাবে বুথের কার্যক্রম সমাপ্তি ঘটাতে হবে; অন্যথায়, এরূপ কার্যক্রম অবৈধ ও দন্ডনীয় হবে।

খ) এক মাসের অধিক মেয়াদী বিশেষ বুথ স্থাপনের জন্য বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন প্রয়োজন হবে এবং এরূপ ক্ষেত্রে ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলসহ আবেদন করতে হবে।

গ) কালেকশন বুথের মত বিশেষ বুথও নিকটস্থ শাখার নিয়ন্ত্রণাধীনে পরিচালিত হবে।

২.৫.৪ ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ স্থাপন:

দেশের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক বিমান বন্দরের আগমনী এবং বহির্গমন টার্মিনালের মাধ্যমে বিদেশ থেকে আগত এবং দেশ থেকে বিদেশগামী অভিবাসী, বিদেশী ও বাংলাদেশী নাগরিকদের চাহিদার প্রেক্ষিতে মুদ্রা বিনিময় (বিদেশী মুদ্রার বিনিময়ে দেশী মুদ্রা এবং দেশী মুদ্রার বিনিময়ে বিদেশী মুদ্রা) সুবিধা প্রদানের লক্ষ্যে ব্যাংক সংশ্লিষ্ট বিমান বন্দর কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নিম্নোক্ত শর্তে ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ স্থাপনের জন্য নির্ধারিত ছক (**সংযোজনী-'ঘ'**) মোতাবেক আবেদন করতে পারবে:

ক) ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ স্থাপনের বিষয়ে আবশ্যিকভাবে পরিচালনা পর্ষদের অনুমোদন থাকতে হবে এবং আবেদনের সাথে এরূপ প্রামাণিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) দাখিল করতে হবে;

খ) ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ স্থাপনের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বৈদেশিক মুদ্রা বিনিময় কার্যক্রম শুরুর জন্য আবশ্যিকভাবে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ হতে পৃথক অনুমতি গ্রহণ করতে হবে;

গ) এরূপ বুথে বৈদেশিক মুদ্রা বিনিময় ব্যতীত অন্য কোন ধরনের লেনদেন বৈধ হবে না;

ঘ) অথরাইজড ডিলার লাইসেন্সধারী নিকটস্থ শাখার মাধ্যমে ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ কার্যক্রম নিয়ন্ত্রিত হবে।

২.৬ এয়ারপোর্ট লাউঞ্জ স্থাপন:

বিমানবন্দর কর্তৃপক্ষের অনুমোদন ও ব্যবস্থাপনায় ব্যাংক তার কার্ড (ক্রেডিট ও ডেবিট উভয় প্রকার) ব্যবহারকারী গ্রাহকদের জন্য দেশের অভ্যন্তরে অবস্থিত আন্তর্জাতিক এবং স্থানীয় বিমান বন্দরের বহির্গমন টার্মিনালে লাউঞ্জ স্থাপন করতে পারবে। লাউঞ্জ স্থাপনে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য হবে:

ক) এরূপ লাউঞ্জ,ব্যাংকের কার্ড গ্রাহকদের জন্য যাত্রা বিরতি বা যাত্রাপূর্ব অপেক্ষা/বিশ্রামাগার হিসাবে গণ্য হবে।

খ) এক্ষেত্রে কোন ধরনের নগদ লেনদেন বৈধ হবে না।

গ) এরূপ লাউঞ্জ স্থাপনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের প্রয়োজন হবে না বরং ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তই যথেষ্ট হবে।

ঘ) আলোচ্য গাইডলাইন্সে বর্ণিত অন্যান্য ব্যবসা কেন্দ্রের প্রযোজ্য শর্তাদি (পূর্বানুমোদন গ্রহণের শর্ত ব্যতীত) লাউঞ্জের ক্ষেত্রেও একইভাবে প্রযোজ্য হবে।

ঙ) লাউঞ্জ স্থাপনের ক্ষেত্রে গাইডলাইন্সে বর্ণিত প্রযোজ্য শর্তাদির কোনটি ভঙ্গ করা হলে অর্থদন্ডসহ লাউঞ্জ পরিচালনার উপর নিষেধাজ্ঞা আরোপ করার পূর্ণ এখতিয়ার বাংলাদেশ ব্যাংকের থাকবে।

চ) লাউঞ্জ পরিচালনার জন্য ব্যাংকের পরিচালক/পরিচালকের স্বার্থ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান (এতদসংশ্লিস্ট বিষয়ে সময়ে সময়ে জারিকৃত বিআরপিডি সার্কুলারে প্রদত্ত ব্যাখা অনুযায়ী) এর সাথে ভাড়া/ইজারা চুক্তি সম্পাদন করা যাবে না। এরূপ ভাড়া/ইজারা চুক্তি সম্পাদিত হলে এয়ারপোর্ট লাউঞ্জ কার্যক্রম বন্ধ ঘোষনা এবং ব্যাংকের উপর অর্থদন্ড আরোপ ও আদায়ের পূর্ণ এখতিয়ার বাংলাদেশ ব্যাংকের থাকবে।

৩.০ ব্যবসা কেন্দ্র স্থানান্তর:

নিরবিচ্ছিন্ন ব্যবসা পরিচালনার স্বার্থে কোন ব্যবসা কেন্দ্র এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তর করার প্রয়োজনীয়তা দেখা দিলে এরূপ স্থানান্তর কার্যকর করার জন্য ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০২৩ পর্যন্ত সংশোধিত) এর ৩২ ধারা মোতাবেক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। ব্যবসা কেন্দ্র এক স্থান হতে অন্য স্থানে স্থানান্তরের জন্য নিম্নোক্ত শর্ত অনুসরণপূর্বক আবেদন করতে হবে:

ক) পল্লী এলাকায় স্থাপিত শাখা/উপশাখা স্থানান্তরের জন্য কোনক্রমেই শহর এলাকা নির্বাচন করা যাবে না। পল্লী শাখা/উপশাখা আবশ্যিকভাবেই সংশ্লিষ্ট পল্লী এলাকার পরিসীমার মধ্যে সুবিধাজনক স্থানে স্থানান্তর করতে হবে।

খ) বিদ্যমান ভাড়া চুক্তি মেয়াদোত্তীর্ণ হওয়ার অন্তত ০৩ মাস পূর্বে পরিচালনা পর্ষদ কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি ('সংযোজনী-চ' তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী কর্তৃক স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) এবং নির্ধারিত ছক **(সংযোজনী-'ঙ')** মোতাবেক তথ্যসহ বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে। উপশাখার ক্ষেত্রে ব্যাংকের পর্ষদ/নির্বাহী কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি গ্রহণযোগ্য হবে।

গ) ব্যবসা কেন্দ্র স্থানান্তরের জন্য '০৬ মাসের মধ্যে হস্তান্তরযোগ্য নয় এরূপ নির্মাণাধীন ভবন/স্থাপনা নির্বাচন' করা যাবে না।

ঘ) ব্যবসা কেন্দ্র স্থানান্তরের অনুমতিপ্রাপ্তির ০৬ মাসের মধ্যে অনুমোদিত ঠিকানায় স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করতে হবে, অন্যথায় উক্ত অনুমতিপত্র বাতিল বলে গণ্য হবে এবং ব্যাখ্যা প্রদান করতে হবে।

ঙ) কোন বিশেষ অবস্থায় স্থানান্তরের নির্দেশিত সময়সীমার মধ্যে ব্যবসা কেন্দ্র স্থানান্তরের প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব না হলে নির্ধারিত সময়ের পূর্বেই সময়সীমা (তিন মাসের অধিক নয়) বৃদ্ধির আবেদন করতে হবে। অন্যথায়, এরূপ অনুমতিপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

চ) ব্যবসা কেন্দ্র স্থানান্তরের সময়সীমা বৃদ্ধির আবেদন একবারের অধিক বিবেচনাযোগ্য হবে না।

ছ) ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ বলবৎ থাকা অবস্থায় সারণী-২ এ বর্ণিত যৌক্তিক কারণ এবং তার স্বপক্ষে উপযুক্ত প্রামাণিক দলিলাদি ব্যতীত ব্যবসা কেন্দ্র স্থানান্তরের আবেদন গ্রহণযোগ্য হবে না।

সারণী-২ : ব্যবসা কেন্দ্র স্থানান্তরের যৌক্তিক কারণ

ক্রম	বিবরণ	মন্তব্য
১	বিদ্যমান ভাড়াচুক্তির মেয়াদ অনধিক ছয় মাস অবশিষ্ট থাকা	১ হতে ৯ নং ক্রমিকে বর্ণিত কারণসমূহ সকল ক্ষেত্রে সাধারণভাবে প্রযোজ্য হবে।
২	ভাড়াকৃত ভবন হতে নিজস্ব ভবনে স্থানান্তর	
৩	নিজস্ব ভবন ভেঙ্গে নতুন স্থাপনা নির্মাণকালীন সময়ে অস্থায়ীভাবে ভাড়াকৃত ভবনে স্থানান্তর	
৪	ব্যবসা কেন্দ্রের সম্পূর্ন/অংশবিশেষ সরকার কর্তৃক অধিগ্রহণ হওয়া অথবা সড়ক ও জনপথ কর্তৃপক্ষের মহাসড়ক নির্মাণ পরিকল্পনাভুক্ত হওয়া	
৫	প্রাকৃতিক দূর্যোগের কারণে ভবনধ্বসের সমূহ সম্ভাবনা তৈরী হওয়া	
৬	অগ্নিকান্ডজনিত কারণে ভাড়াকৃত ভবনে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা অসম্ভব হওয়া	
৭	ভবন মালিক কর্তৃক ভবন ভাঙ্গা/ভবন বিক্রীর সিদ্ধান্ত গ্রহণ	
৮	ভাড়াকৃত ভবনটি ঋণ দায়বদ্ধতার কারণে অন্য ব্যাংক কর্তৃক দখলপ্রাপ্ত হওয়া	
৯	ব্যাংক ব্যবসা মন্দার কারণে ব্যবসা সংকোচন ও পরিচালন ব্যয় হ্রাসের পরিকল্পনার অংশ হওয়া	
১০	দীর্ঘ মেয়াদী চুক্তির মেয়াদ পূর্তিতে স্থানান্তরের জন্য উপযুক্ত ভবন খুঁজে না পাওয়ার কারণে একই স্থানে ভাড়া/ইজারা চুক্তি নবায়ন করার পরবর্তী পর্যায়ে উপযুক্ত ভবন খুঁজে পাওয়া সাপেক্ষে স্থানান্তরের আবেদন করা	এরূপ কারণ ব্যতিক্রম হিসাবে গণ্য হবে এবং তা অভ্যাসে পরিনত করা শাস্তিযোগ্য হবে।

বি: দ্র: উপরে বর্ণিত সংশ্লিষ্ট কারণের উপযুক্ত প্রামাণিক দলিল আবেদনের সাথে সংযুক্তকরণ ব্যতীত আলোচ্য কারণ যৌক্তিক মর্মে গণ্য হবে না।

জ) পুরাতন ভবন নির্বাচন করার ক্ষেত্রে ভবনের স্থায়িত্ব, গুণগত মান এবং সামগ্রিক ঝুঁকি পর্যালোচনা করতে হবে এবং ভবন নির্বাচনে এতদসংক্রান্ত বিষয়াদি পর্যালোচনা করা হয়েছে মর্মে একটি ঘোষণাপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে ৬.০ (ঙ) অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে।

ঝ) শাখা স্থানান্তরের ১৫ কার্যদিবসের মধ্যে শাখার মূল অনুমতিপত্র ফেরত প্রদানপূর্বক সংশোধিত অনুমতিপত্র সংগ্রহ করতে হবে।

ঞ) ব্যবসা কেন্দ্র স্থানান্তরের আবেদন দাখিলের ক্ষেত্রে ৩.০ অনুচ্ছেদের বর্ণিত শর্তাদি অনুসরণের ব্যত্যয় হলে এরূপ আবেদন নাকচের পূর্ণ এখতিয়ার ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এর থাকবে।

৪.০ ব্যবসা কেন্দ্র একীভূত/ রূপান্তর/ বন্ধকরণ:

ব্যবসায়িক স্বার্থে ব্যাংক নির্দিষ্ট কোন ব্যবসা কেন্দ্র নিকটবর্তী ব্যবসা কেন্দ্রের সাথে একীভূতকরণ, এক ধরনের ব্যবসা কেন্দ্রকে অন্য ধরনের ব্যবসা কেন্দ্রে রূপান্তর (যেমন বুথ থেকে উপশাখা, উপশাখা থেকে শাখা) এবং ব্যবসায়িক মন্দা বা পরিচালন ব্যয় হ্রাসের উদ্দেশ্যে বিশেষ কোন ব্যবসা কেন্দ্র বন্ধকরণের সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। তবে এরূপ সিদ্ধান্তের ক্ষেত্রে ব্যবসা কেন্দ্রের বিদ্যমান জনবল ছাঁটাই কাম্য হবে না। ব্যবসা কেন্দ্র একীভূতকরণ/রূপান্তরকরণ/বন্ধকরণ ইত্যাদি যে কোনটির ক্ষেত্রেই বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ ও নিম্নোক্ত বিষয়াদির যথাযথ পরিপালন করতে হবে:

ক) ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণের সুনির্দিষ্ট এবং যৌক্তিক কারণ উল্লেখসহ আবেদন দাখিল করা;

খ) আবেদনের সাথে ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণ সংশ্লিষ্ট বিষয়ে শাখার ক্ষেত্রে পরিচালনা পর্ষদ এবং শাখাব্যতীত অন্যান্য ব্যবসা কেন্দ্রের ক্ষেত্রে পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/ কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) সংযুক্ত করা;

গ) ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণের প্রত্যাশিত সময়ের ন্যূনতম ০৬ মাস পূর্বে আবেদনের প্রস্তুতি গ্রহণ করা;

ঘ) কোন উপশাখাকে শাখায় রুপান্তর করতে হলে কেবলমাত্র সংশ্লিষ্ট ব্যাংকের নীতিগত অনুমোদনে প্রাপ্যতার সাথে সমন্বয়পূর্বকই এরূপ রূপান্তর কার্যকর করা যাবে;

ঙ) ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণের ইত্যাদির যে কোন একটি সিদ্ধান্ত গ্রহণের ফলে উক্ত ব্যবসা কেন্দ্রের বিদ্যমান গ্রাহকদের সেবা প্রদানে বিঘ্ন ঘটবে কিনা বা এরূপ ঝুঁকি মোকাবেলায় গ্রাহকদের জন্য নির্বিঘ্ন এবং নিরবিচ্ছিন্ন ব্যাংকিং সেবা প্রদানের বিষয়ে ব্যাংকের বাস্তবসম্মত পরিকল্পনা দাখিল করা;

চ) ব্যবসা কেন্দ্র একীভূত/রূপান্তর/বন্ধকরণ ইত্যাদি সংশ্লিষ্ট সিদ্ধান্তের ফলে গ্রাহক স্বার্থ ক্ষুন্ন হবে না মর্মে ব্যাংকের প্রধান নির্বাহী কর্তৃক স্বাক্ষরিত অঙ্গীকার সংযুক্ত করা।

৫.০ ব্যবসা কেন্দ্রের আয়তন / পরিসর:

ব্যবসা কেন্দ্রের কার্যক্রম পরিচালনায় প্রয়োজনের অতিরিক্ত আয়তন/পরিসর ব্যবহার বর্জনীয় হবে। অর্থাৎ ব্যবসা কেন্দ্র স্থাপন ও স্থানান্তরের ক্ষেত্রে (নিজ মালিকানাধীন ভবন এবং ভাড়া/ইজারাকৃত ভবন উভয় ক্ষেত্রেই) আবশ্যিকভাবে ব্যবসা কেন্দ্রের আয়তন যৌক্তিক পর্যায়ে নির্ধারণ করতে হবে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক যেসব ব্যবসা কেন্দ্রের জন্য সর্বোচ্চ আয়তন সীমা নির্দিষ্ট করে দেয়া আছে সেসব ক্ষেত্রেও প্রয়োজনাতিরিক্ত আয়তন/পরিসর গ্রহণ পরিহার্য হবে।

যেসব ব্যবসা কেন্দ্রের আয়তন প্রাথমিক অনুমোদনে নির্ধারিত সীমার চেয়ে কম স্পেসে স্থাপন করা হয়েছিল, সেসব ব্যবসাকেন্দ্রের আয়তন/পরিসর বৃদ্ধির জন্য ব্যাংক আবশ্যিকভাবে উক্ত ব্যবসা কেন্দ্রের বিগত ০৩-০৫ বছরের ব্যবসার বাস্তবিক তথ্য সম্বলিত বিবরণ, ভবিষ্যত ব্যবসা সম্প্রসারণ সংক্রান্ত প্রাক্কলন, বর্তমান জনবল এবং বর্ধিত চাহিদা মোতাবেক সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় জনবলের তথ্য সহযোগে আবেদন দাখিল করবে। বর্ণিত তথ্য প্রদান ব্যতিরেক ব্যবসা কেন্দ্রের পরিসর/আয়তন বৃদ্ধির আবেদন বাংলাদেশ ব্যাংক বরাবর প্রেরণ করা হলে তা অগ্রহণযোগ্য ও বাতিল বলে গণ্য হবে। প্রধান কার্যালয় ও এর অধীনস্ত বিভাগ, কর্পোরেট/প্রিন্সিপাল শাখার আয়তন অন্যান্য ব্যবসা কেন্দ্র অপেক্ষা ভিন্নতর হবে।

ব্যবসা কেন্দ্রের আয়তন নির্ধারণে ব্যাংক আবশ্যিকভাবে নিম্নোক্ত ছকের নির্ধারিত সীমা অনুসরণ করবে:

সারণী-৩ : ব্যবসা কেন্দ্রের অনুমোদনযোগ্য আয়তনসীমা

ধরন	ক্রম	ব্যবসা কেন্দ্রের নাম	আয়তন	মন্তব্য
টাইপ-ক	১	প্রধান কার্যালয় এবং এর অধীনস্ত বিভিন্ন বিভাগ	ব্যাংক কর্তৃক যৌক্তিক পর্যায়ে নির্ধারণ (সংযোজনী-ঘ মোতাবেক)	এক্ষেত্রে ২.১ এর ‘ক’ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে
	২	বিভাগীয় কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়/রিজিওনাল অফিস		
	৩	সেন্ট্রাল স্টোরেজ/ কেন্দ্রীয় গুদাম/ সেন্ট্রাল আর্কাইভ		
	৪	প্রশিক্ষণ একাডেমী		
	৫	এয়ারপোর্ট লাউঞ্জ		
টাইপ-খ	১	কর্পোরেট শাখা/ প্রিন্সিপাল শাখা	ব্যাংক কর্তৃক যৌক্তিক পর্যায়ে নির্ধারণ (সংযোজনী-গ মোতাবেক)	এক্ষেত্রে ২.১ এর ‘ক’ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা প্রযোজ্য হবে
	২	শাখা	শহর শাখা : অনূর্ধ্ব ৬০০০ বর্গফুট পল্লী শাখা : অনূর্ধ্ব ৩০০০ বর্গফুট	-
	৩	উপশাখা	অনূর্ধ্ব ১০০০ বর্গফুট	-
	৪	কালেকশন বুথ	অনূর্ধ্ব ৩৫০ বর্গফুট	-
	৫	ইলেক্ট্রনিক বুথ (এটিএম/সিডিএম/সিআরএম/ ফাইনান্সিয়াল কিয়স্ক ও সমজাতীয় ইলেকট্রনিক ডিভাইস)	১০০ বর্গফুট (প্রতিটির জন্য প্রযোজ্য)	একাধিক ডিভাইসের ক্ষেত্রে আয়তন আনুপাতিক হারে বৃদ্ধি পাবে
	৬	অস্থায়ী বুথ	অনূর্ধ্ব ২০০ বর্গফুট	-
	৭	ফরেন কারেন্সী এক্সচেঞ্জ বুথ	অনূর্ধ্ব ২০০ বর্গফুট	-
টাইপ-গ	১	এসএমই সাপোর্ট সেন্টার/ সার্ভিস সেন্টার/ সেলস সেন্টার/ ইউনিট অফিস	অনূর্ধ্ব ১০০০ বর্গফুট	-
	২	বিজনেস ডেভেলপমেন্ট সেন্টার (ইপিজেড, ইন্ডাস্ট্রিয়াল পার্ক ইত্যাদির জন্য প্রযোজ্য)	সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদানকৃত বরাদ্দ অনুযায়ী	-
অন্যান্য	১	জেনারেটর স্পেস	অনূর্ধ্ব ১৫০ বর্গফুট	-

বি:দ্র: ১. ব্যবসা কেন্দ্রের আয়তন নির্ধারণে কমন স্পেসের আয়তন সীমিত রাখা কাম্য হবে।

২. আয়তন সংক্রান্ত বিষয়ে ব্যাংকের সরবরাহকৃত তথ্যাদি যাচাইয়ের জন্য প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে পারবে।

৬.০ স্থাপনা ভাড়া/ ইজারা গ্রহণ:

ব্যবসা পরিচালনার লক্ষ্যে ব্যাংক সুবিধাজনক স্থান নির্বাচনপূর্বক ব্যবসা কেন্দ্র স্থাপন এবং ভবন ভাড়া/ইজারা গ্রহণ করতে পারবে। ব্যবসা কেন্দ্র ভাড়া/ইজারাজনিত মূল্যস্ফীতি (Rent Inflation)-র উর্ধ্ব-গতি রোধকল্পে ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ অত্যাবশ্যকীয়। তবে ক্ষেত্র বিশেষে ব্যাংক বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন গ্রহণ ব্যতিরেকেই স্ব স্ব পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা গ্রহণ সংক্রান্ত নতুন চুক্তি সম্পাদন এবং মেয়াদোত্তীর্ণ চুক্তি নবায়ন করতে পারবে। এরূপ অনুমোদন শিথিলতা সাধারণভাবে সকল ক্ষেত্রে প্রযোজ্য হবে না। আলোচ্য গাইডলাইন্সে বর্ণিত বিশেষ বিশেষ ক্ষেত্র এবং ব্যাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদন শিথিলতার প্রযোজ্য ক্ষেত্র চিহ্নিতকরণপূর্বক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুযায়ী এরূপ অব্যাহতি কার্যকর হবে। এছাড়া, এরূপ অব্যাহতির ক্ষেত্রে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ ব্যবসা কেন্দ্রের জন্য বিভাগ ওয়ারী (সিটি কর্পোরেশন, পৌরসভা এবং পল্লী অঞ্চল ভিত্তিক) ভাড়ার সর্বোচ্চ সীমা নির্ধারণসহ প্রযোজ্য শর্তাবলী আরোপ করতে পারবে । ব্যবসা কেন্দ্র ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য হবে:

ক) প্রধান কার্যালয় ও প্রধান কার্যালয়ের অধিনস্ত বিভাগ/ইউনিট, বিভাগীয় কার্যালয়, রিজিওনাল অফিস বা আঞ্চলিক কার্যালয়, শাখা, কর্পোরেট/প্রিন্সিপাল শাখা, লোকাল অফিস ইত্যাদির জন্য ব্যাংকের পরিচালনা পর্ষদ এবং এতদব্যতীত অন্যান্য ক্ষেত্রে ব্যাংকের পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রামানিক দলিলাদি (সংযোজনী-চ তে প্রদত্ত নমুনা অনুসারে প্রস্তুতকৃত কোম্পানী সেক্রেটারী স্বাক্ষরিত সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী/কার্যবিবরণীর সংক্ষিপ্ত-সার) সহ আবেদন করতে হবে। পরিচালনা পর্ষদ/নির্বাহী কমিটির গৃহীত সিদ্ধান্তের প্রামানিক দলিলে সংশ্লিষ্ট ব্যবসা কেন্দ্রের প্রস্তাবিত স্থান, আয়তন, ভাড়া, ভাড়া বৃদ্ধির হার, অগ্রিম, অগ্রিম সমন্বয়ের হার, চুক্তির মেয়াদ, স্থাপন ব্যয়, জনবল ইত্যাদির সুস্পষ্ট উল্লেখ থাকতে হবে ।

খ) ভাড়া/ইজারা গ্রহণের জন্য নির্বাচিত ভবন মালিকানার সাথে ব্যাংকের পরিচালক/পরিচালক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/প্রধান নির্বাহী/ উর্ধ্বতন কর্মকর্তার সংশ্লিষ্টতা থাকলে সে তথ্য আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এরূপ সংশ্লিষ্টতার তথ্য গোপন করা অথবা এতদসংক্রান্ত বিষয়ে ভুল তথ্য প্রদান দন্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে।

গ) ব্যাংকের কোন পরিচালক/পরিচালক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/প্রধান নির্বাহী/উর্ধ্বতন কর্মকর্তার মালিকানা সংশ্লিষ্ট ভবন ভাড়া/ইজারা গ্রহণের ক্ষেত্রে ভাড়া/ইজারা হার কোনক্রমেই একই এলাকায় অবস্থিত (ভিন্ন মালিকানা সংশ্লিষ্ট) অন্যান্য ভবনের ভাড়া/ইজারার হারের চেয়ে বেশী হবে না।

ঘ) ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হতে ভবনের বিধিবদ্ধ অনুমোদন গ্রহণের বিষয়টি নিশ্চিত হতে হবে। এছাড়া, প্রযোজ্যক্ষেত্রে ভবন নির্মাণের তারিখ বিবেচনাসহ ভবনটি সড়ক ও জনপথ অধিদপ্তর/কোন সরকারী সংস্থা কর্তৃক অধিগ্রহণের আওতায় নেই মর্মে ব্যাংকের ঘোষনাপত্র আবেদনের সাথে যুক্ত করতে হবে।

ঙ) ব্যাংকের নিজস্ব প্রকৌশলী দ্বারা প্রস্তাবিত ভবনের কাঠামোগত শক্তি (Structural Strength) এবং তাৎক্ষনিক দূর্ঘটনা মোকাবেলার প্রয়োজনীয় প্রস্তুতিমূলক ব্যবস্থাদি সম্পর্কে সুনিশ্চিত হতে হবে। প্রয়োজনে উপযুক্ত/দক্ষ প্রকৌশলীর সমন্বয়ে গঠিত অভ্যন্তরীণ দলের মাধ্যমে এতদসংশ্লিষ্ট বিষয়ে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চ) ভাড়া/ইজারাকৃত বিভিন্ন ব্যবসা কেন্দ্রের বছর-ভিত্তিক (জানুয়ারী ০১ হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত) ভাড়ার হার এবং ব্যবসা কেন্দ্র স্থাপন সংশ্লিষ্ট তথ্যাদি পরবর্তী বছরের ১৫ জানুয়ারীর মধ্যে **সংযোজনী- 'জ'** মোতাবেক সফট কপি (ইমেইল আইডি:"gm.brpd@bb.org.bd") এবং হার্ড কপি ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ -১ বরাবর প্রেরণ করতে হবে।

৬.১ ভাড়া/ইজারাকৃত ব্যবসা কেন্দ্রের আয়তন/পরিসর বৃদ্ধি:

ব্যবসায়িক প্রয়োজনে ব্যাংক তার ব্যবসা কেন্দ্রের আয়তন বৃদ্ধি করতে পারবে যা আবশ্যিকভাবে সারণী-৩ এ বর্ণিত আয়তন সীমার মধ্যে থাকতে হবে। ব্যবসা কেন্দ্রের এরূপ আয়তন বৃদ্ধির ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাদি প্রযোজ্য হবে:

ক) ব্যবসা কেন্দ্রের পরিসর সারণী-৩ এ নির্দিষ্টকৃত সীমা (শাখা, উপশাখা, বুথ, সার্ভিস সেন্টার, জেনারেটর স্পেস ইত্যাদি) অপেক্ষা কম হলে উক্ত কেন্দ্রের জন্য প্রযোজ্য সর্বোচ্চ সীমা পর্যন্ত আয়তন বৃদ্ধির সুযোগ থাকবে। এরূপ আয়তন বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন প্রয়োজন হবে না, বরং স্ব স্ব ব্যাংকের পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে একই ভবনে এরূপ ব্যবসা কেন্দ্রের আয়তন বৃদ্ধি করা যাবে। তবে এরূপ আয়তন বৃদ্ধি কেবলমাত্র চলমান চুক্তির অবশিষ্ট মেয়াদ ও অনুরূপ শর্তে নির্ধারিত সীমার ভেতর সীমিত রেখেই কার্যকর করা যাবে এবং আয়তন বৃদ্ধির বিষয়টি আবশ্যিকভাবে অনতিবিলম্বে বাংলাদেশ ব্যাংককে অবহিত করতে হবে।

খ) সারণী-৩ এ আয়তনসীমা নির্দিষ্ট করা হয়নি এরূপ ব্যবসা কেন্দ্রের (শাখা, উপশাখা, বুথ, সার্ভিস সেন্টার, জেনারেটর স্পেস ইত্যাদি ব্যতীত অন্যান্য সকল ব্যবসা কেন্দ্র) আয়তন বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংকের অনুমোদন গ্রহণ করতে হবে। এরূপ আয়তন বৃদ্ধির জন্য যৌক্তিক কারণ ব্যাখ্যাসহ ব্যবসায়িক প্রবৃদ্ধি, জনবল, ভবিষ্যৎ ব্যবসা সম্প্রসারণ পরিকল্পনা ইত্যাদিসহ পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি সংযুক্ত করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে।

গ) ব্যবসা কেন্দ্রের পূর্বোক্ত চুক্তির মেয়াদ সমাপনান্তে সংশ্লিষ্ট ব্যবসা কেন্দ্রটি বর্ধিত স্পেসসহ অন্য ভবনে স্থানান্তর করা যাবে। এরূপ ক্ষেত্রে আয়তন বৃদ্ধির যৌক্তিক কারণ ব্যাখ্যাসহ ব্যবসায়িক প্রবৃদ্ধি, জনবল, ভবিষ্যত ব্যবসা সম্প্রসারণ পরিকল্পনা ইত্যাদিসহ পরিচালনা পর্ষদের গৃহীত সিদ্ধান্তের প্রামাণিক দলিলাদি সংযুক্ত করে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদনের জন্য আবেদন করতে হবে।

৬.২ ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ:

ব্যবসা কেন্দ্রের ভাড়া/ইজারা চুক্তির মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়াদি বিবেচনাযোগ্য হবে:

